

যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৯৮

১/ বিবিধ

আরবী

أَبْشِرْ فِيْ إِنَّ الْجَالِبَ إِلَى سُوقَنَا كَالْمَجَاهِدِ فِيْ سَبِيلِ اللَّهِ، وَالْمُحْتَكِرِ فِيْ سُوقَنَا كَالْمَلْحُدِ
فِيْ كِتَابِ اللَّهِ
مُنْكَرٌ

رواه الحاكم (2/12) عن إسماعيل بن أبي أوس: حدثني محمد بن طلحة عن عبد الرحمن بن طلحة عن عبد الرحمن بن المغيرة عن عميه اليسع بن المغيرة قال: مر رسول الله صلى الله عليه وسلم بمنزلة بيع طعاماً بسعر هو أرخص من سعر السوق، فقال: تبيع في سوقنا بسعر هو أرخص من سعرنا؟ قال: نعم. قال: صبراً واحتساباً؟ قال: نعم. قال: فذكره

سكت عليه الحاكم! وقال الذهبي: "قلت: خبر منكر، وإنسان مظلوم وأعله الحافظ العراقي بقوله في "تخریج الإحياء" (4/189) : "وهو مرسل قلت: بل هو معرض، فإن اليسع هذا يروي عن عطاء بن أبي رباح وابن سيرين، ثم هو مع إرساله قال أبو حاتم فيه: "ليس بالقوى
وقال الحافظ: "لين الحديث

وعبد الرحمن بن أبي بكر بن المغيرة لم أجده من ذكره، ولعله من أجل ذلك وصف الذهبي إسناده بأنه مظلوم

وأما محمد بن طلحة عن عبد الرحمن بن طلحة، ففي الرواية محمد بن طلحة بن عبد الرحمن بن طلحة التيمي، فلعله هو ولكن تحريف على بعض النساخ أو الرواية لفظ

(ابن) إلى (عن) . والله أعلم، وقد قال الذهبي فيه: " وثق
وقال أبو حاتم: " لا يحتج به
ثم رأيت ما يشهد لما قلته من التحريف، وهو أن الحافظ المزي ذكر في ترجمة محمد
ابن طلحة بن عبد الرحمن بن طلحة أنه روى عنه إسماعيل بن أبي أويس. وهذا
ال الحديث من روایته عنه كما ترى

বাংলা

১২৯৮। তুমি সুসংবাদ গ্রহণ কর। কারণ আমাদের বাজারে পণ্য নিয়ে আগমনকারী আল্লাহর পথে জিহাদকারীর ন্যায়। আর আমাদের বাজারে পণ্য একত্রিতকারী আল্লাহর কিতাবে উল্লেখিত নাস্তিকের ন্যায়।

হাদীসটি মুনকার।

হাদীসটি হাকিম (২/১২) ইসমাইল ইবনু আবী উওয়াইস হতে, তিনি মুহাম্মাদ ইবনু ত্বলহাহ হতে, তিনি আব্দুর রহমান ইবনু ত্বলহা হতে, তিনি আব্দুর রহমান ইবনু আবী বাকর ইবনিল মুগীরাহ হতে, তিনি তার চাচা আল-ইয়াসা ইবনুল মুগীরাহ হতে তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন বাজারে এক ব্যক্তিকে অতিক্রম করার সময় দেখতে পেলেন সে বাজার দরের চেয়ে কম দরে খাদ্য বিক্রি করছে, তখন তিনি তাকে বললেনঃ তুমি আমাদের বাজারে আমাদের দরের চেয়ে কম দরে বিক্রি করছ? সে ব্যক্তি বললঃ হ্যাঁ। তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ (তুমি কি এরূপ করছ) ধৈর্য ধারণ করে এবং সাওয়াবের উদ্দেশ্যে? সে ব্যক্তি বললঃ জি হ্যাঁ। তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ...।

হাদীসটির ব্যাপারে হাকিম কোন কিছু না বলে চুপ থেকেছেন। আর যাহাবী বলেছেনঃ হাদীসটি মুনকার এবং সনদটি অন্ধকারাচ্ছন্ন।

হাফিয় ইরাকী “তাখরীজুল ইয়াহইয়া” গ্রন্থে (৪/১৮৯) এ বলে হাদীসটির সমস্যা বর্ণনা করেছেন যে হাদীসটি মুরসাল।

আমি (আলবানী) বলছিঃ বরং হাদীসটি মুযাল। কারণ আল-ইয়াসা আতা ইবনু আবী রাবাহ এবং ইবনু সীরীন হতে বর্ণনা করেন। হাদীসটি মুরসাল হওয়া সত্ত্বেও আল-ইয়াসা সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি শক্তিশালী নন।

হাফিয় ইবনু হাজার বলেনঃ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল।

আর আব্দুর রহমান আবী বাকরকে কে উল্লেখ করেছেন পাচ্ছ না। সম্ভবত এ কারণেই হাফিয় যাহাবী বলেছেনঃ সনদটি অন্ধকারাচ্ছন্ন। মুহাম্মাদ ইবনু ত্বলহা সম্পর্কে আবু হাতিম বলেনঃ তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না।

মুহাম্মদ ইবনু তুলহা যে আব্দুর রহমান ইবনু তুলহা হতে বর্ণনা করেছেন আসলে বিষয়টি এরূপ নয়। আসলে "মুহাম্মদ ইবনু তুলহা ইবনে আব্দুর রহমান ইবনু তুলহা" বর্ণনাকারী একজনই, দু'জন নন। সনদের মধ্যে উলটপালট সংঘটিত হয়েছে। হাফিয় মিয়ানি তার জীবনী নিয়ে আলোচনা করার সময় বিষয়টিকে স্পষ্ট করেছেন। আর এ বর্ণনাকারী থেকেই ইসমাইল ইবনু আবী উওয়াইস বর্ণনা করেছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72177>

 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন